

যুগান্তর

রাবির হল থেকে ছুরিকাহত শিক্ষার্থী উদ্ধার

রাবি প্রতিনিধি

২৩ মার্চ ২০২৪, ২১:৪৭:২৫ | অনলাইন সংস্করণ



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) একটি হল থেকে আহত অবস্থায় জয়দেব সাহা নামের এক শিক্ষার্থীকে উদ্ধার করা হয়েছে। এ সময় তার শরীরে অন্তত ১৫টি ছুরিকাঘাতের চিহ্ন দেখা গেছে। শুক্রবার রাত ১১টায় বিশ্ববিদ্যালয়ের শাহ মখদুম হলের ৩৪১ নম্বর কক্ষে এ ঘটনা ঘটে।

আহত জয়দেব বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ও শাহ মখদুম হলের আবাসিক শিক্ষার্থী। তার বাড়ি নোয়াখালী।

হলের ৩৪৬ নম্বর কক্ষের আবাসিক এবং ফলিত গণিত বিভাগের শিক্ষার্থী সোহাগ বলেন, আমি আমার রুম থেকে এসে দেখি ও (জয়দেব) নিজের বুকে নিজেই ছুরি চালাচ্ছিল আর গালাগাল করছিল। শোরগোল শুনে তখন অনেকেই ওখানে আসে। প্রথমে এই অবস্থা দেখে আমি ভয় পেয়ে যাই। পরে দৌড়ে সেখান থেকে চলে যাই। তখন রুমের ভেতরে অন্য কাউকে দেখিনি।

ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জসিম উদ্দিন বলেন, আমরা কয়েকজন রুমে ঢোকার পর দেখি, ছুরিটা এক জায়গায় এবং জয়দেব মেঝেতে পড়ে আছে। আমরা একটা কাপড় দিয়ে ক্ষতস্থান ঢেকে দিই, যাতে রক্তপাত বেশি না হয়। পরে

তাকে নিচে নামিয়ে অ্যাম্বুলেন্সে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করি।

এ বিষয়ে শাহ্ মখদুম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. রুহুল আমিন বলেন, সে এখন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি রয়েছে। সে বেশ কিছুদিন ধরেই অস্বাভাবিক আচরণ করছিল। এটা তার বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরাও জানত। তার এক রুমমেটও একই কথা বলেছে।

তিনি আরও বলেন, মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) জিজ্ঞাসাবাদে জয়দেব বলেছে, তার বৃকের সমস্যা রয়েছে। ইউটিউব দেখে ওষুধ খেত। সে আহত হলেও কথা বলছিল। মনে হচ্ছিল, বড় কোনো সমস্যা হয়নি। পুলিশ জয়দেবের কক্ষ থেকে আলামত সংগ্রহ করে নিয়ে গেছে। হল প্রশাসন আপাতত রুমটা সিলগালা করে রেখেছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

